


গড়বেতা কলেজে কবিতা, গান ও নৃত্যে নজরুল স্মরণ

পত্রিকা প্রতিনিধি : গড়বেতা কলেজের সাংস্কৃতিক উপসমিতির উদ্যোগে কলেজের সেমিনার হলে কবি কাজী নজরুল ইসলামের ১২৪ তম জন্মজয়ন্তী পালিত হল। মঙ্গলবার অনুষ্ঠানের প্রথম পর্বে কথো, কবিতা, গানে ও নৃত্যে প্রিয় কবিকে স্মরণ করা হয়। অনুষ্ঠানের উদ্বোধন করেন অধ্যক্ষ ড. হরিপ্রসাদ সরকার। উপস্থিত ছিলেন কলেজের টিচার্স কাউন্সিলের সম্পাদক অধ্যাপক ড. সাজিদ বিশ্বাস, কলেজ পরিচালন সমিতির সদস্য অধ্যাপক



ড. শান্তিময় পাত্র, আই কিউ এ সির কো অর্ডিনেটর অধ্যাপক ড. সুনীল কুমার ঘোষ সহ অন্যান্য

অধ্যাপক - অধ্যাপিকা, শিক্ষাকর্মীবৃন্দ। অনুষ্ঠানে উপস্থিত বক্তারা কবি নজরুল ইসলামের

কবিতা, গান এবং তাঁর সাম্প্রদায়িক সম্প্রীতির নানা দিক তুলে ধরেন। প্রায় আড়াইশো জন ছাত্রছাত্রী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন। দ্বিতীয় পর্বে নজরুলগীতি ও নজরুল কবিতা প্রতিযোগিতার আয়োজন করা হয়। এখানে ছাত্রছাত্রীদের উপস্থিতি ছিল প্রশংসনীয়। অনুষ্ঠান শেষে সফল প্রতিযোগীদের পুরস্কৃত করা হয়। অনুষ্ঠানটির আয়োজনে ছিলেন সাংস্কৃতিক উপসমিতির যুগ্ম আহ্বায়ক অধ্যাপক সুশান্ত কুমার মন্ডল ও অধ্যাপক বানেশ্বর জানা সহ কমিটির সদস্যবৃন্দ। অনুষ্ঠান সঞ্চালনা করেন শিক্ষক গৌতম মিত্র। অধ্যক্ষ হরিপ্রসাদ বাবু বলেন, বর্তমান সময়ে নজরুল ইসলামের মতো সাম্যবাদী কবিকে অনুসরণ করা জরুরি। তিনি উপস্থিত সবাইকে ধন্যবাদ জানান।

